# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪১৮৮

৩১/ পার্থিব ভোগবিলাসের প্রতি অনাসক্তি (كتاب الزهد)

পরিচ্ছেদঃ ৩১/১৮. সহনশীলতা

بَاب الْحِلْمِ

আরবী

حَدَّثَنَا أَبُو إِسْحَاقَ الْهَرَوِيُّ، حَدَّثَنَا الْعَبَّاسُ بْنُ الْفَضْلِ الأَنْصَارِيُّ، حَدَّثَنَا قُرَّةُ بْنُ خَالِدٍ، حَدَّثَنَا أَبُو جَمْرَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، أَنَّ النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ قَالَ لِلأَشَجِّ الْعَصَرِيِّ " إِنَّ فِيكَ خَصْلَتَيْنِ يُحِبُّهُمَا اللَّهُ الْحِلْمَ وَالْحَيَاءَ " .

বাংলা

৩/৪১৮৮। ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আশাজ্জ আল-আসারীকে বলেনঃ নিশ্চয় তোমার মধ্যে এমন দু’টি উত্তম স্বভাব বিদ্যমান, যা আল্লাহ পছন্দ করেনঃ সহনশীলতা ও লজ্জাশীলতা।

## English

It was narrated from Ibn ‘Abbas that the Prophet (ﷺ) said to Ashajj ‘Ansari: “You have two characteristics that Allah likes: Forbearance and modesty.”

ফুটনোট

তিরমিযী ২০১১, রাওদুন নাদীর ৪০৬, আয-যিলাল ১৯০। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আল-আব্বাস ইবনুল ফাদল আল-আনসারী সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তার হাদিস নির্ভরযোগ্য নয়। আবু বিশর আদ-দাওলাবী বলেন, তিনি মিথ্যা বলার অভিযোগে অভিযুক্ত। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি সত্যবাদী ছিলেন না। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩১৩৫, ১৪/২৩৯ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহীহ কিন্তু আল-আব্বাস ইবনুল ফাদল এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ১২৫ টি শাহিদ

হাদিস রয়েছে, ৩ টি জাল, ৪১ টি খুবই দুর্বল, ২৬ টি দুর্বল, ১৬ টি হাসান, ৩৯ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ তিরমিযি ২০১১, আবু দাউদ ৫২২৫, আহমাদ ১৭৩৭৩, ৪৩৪২৭, মু'জামুল আওসাত ৪১৮, ২৩৭৪, ৫২৫৬, ৫৭২৭, ৭৯৯৬, আল-ফাওয়াইদ ১৩৫৯, ১৩৬০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=45153

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন